

১৬/৩/২০০৩

তোরের কাগজ

তারিখ
পৃষ্ঠা ১ ... কলাম ১

শিক্ষক পেটানোর ঘটনায় মিঠাপুকুর উত্তপ্ত

কাগজ প্রতিবেদক : এইচএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল সোমবার বাংলা ২য় পত্রের পরীক্ষা চলাকালে সারাদেশে আড়াই হাজার পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এদিন দেশের অন্যান্য স্থানে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হলেও রংপুরে ও ঈশ্বরদীতে শিক্ষককে মারধর, কেন্দ্র ভাঙচুর ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। দায়িত্ব পালনে ব্যর্থতার জন্য হবিগঞ্জে একটি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অব্যাহতি দেওয়া হয়েছে।

সর্বশেষ প্রাণ্ডিয়ায় ঈশ্বরদী টাকা
● এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

শিক্ষক পেটানোর ঘটনায় মিঠাপুকুর

● প্রথম পাতার পর

বোর্ডে ৩৩৯, কুমিল্লা বোর্ডে ১১৭, সিলেট বোর্ডে ২৮, রাজশাহী বোর্ডে ১ হাজার ১২৫ এবং যশোর বোর্ডে ১৩০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রংপুর থেকে উত্তরাঞ্চল প্রতিনিধি জানান, গতকাল জেলার মিঠাপুকুর এইচএসসি পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহ করতে বাধা দেওয়ায় ছাত্রলীগ (বা-অ) থানা আহ্বায়কের নেতৃত্বে কতিপয় ছাত্রনেতা বেলাল হোসেন নামে কর্তব্যরত একজন প্রভাষককে কেন্দ্রের কন্ট্রোলরুমে ঢুকে বেদম মারপিট করে। মুমূর্ষু অবস্থায় তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আক্রমণকারী দলের নেতা একজন মন্ত্রী আপন ভাগ্নে হওয়ায় পুলিশ এ ব্যাপারে মামলা নেওয়ার পরও তাকে খেঁজার করছে না বলে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ অভিযোগ করেছেন। এ ঘটনায় থানা সদরে চরম উত্তেজনা বিরাজ করছে। এদিকে, শিক্ষক নেতৃবৃন্দ গত রাত ১২ টার মধ্যে সন্ত্রাসীদের খেঁজার করা না হলে আজ মিঠাপুকুর কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করবেন না বলে আন্দোলনের কর্মসূচি দিয়েছেন। মিঠাপুকুর ডিগ্রি কলেজের অধ্যক্ষ জানান, গতকাল পরীক্ষা চলাকালে মিঠাপুকুর উচ্চ বিদ্যালয় কেন্দ্রে একজন ছাত্রকে নকল সরবরাহ করতে যায় থানা ছাত্রলীগ (বা-অ) এর আহ্বায়ক আনোয়ার সাদত লিমন ও মিঠাপুকুর ডিগ্রি কলেজ শাখার সভাপতি রোকনুজ্জামান বিপ্লব ও তার কয়েকজন সহকর্মী। কিন্তু সেখানে কর্তব্যরত বেরাতি কলেজের রঞ্জিবিক্রানের প্রভাষক বেলাল হোসেন রাধা দিলে তারা নকল দিতে না পারে ফিরে আসে।

এরপর পরীক্ষা শেষ হলে বেলাল হোসেন খাতাপত্র নিয়ে কেন্দ্রের কন্ট্রোলরুম মিঠাপুকুর ডিগ্রি কলেজে চলে যান। এসময় কক্ষিক

নেতৃত্বে কতিপয় ছাত্রনেতা অভ্যন্তরে কন্ট্রোলরুমে ঢুকে প্রভাষক বেলাল হোসেনকে বেদম মারপিট করতে থাকে। এ অবস্থায় মারাত্মক জখম হলে পুলিশ এসে তাকে উদ্ধার করে। বেলালের শারীরিক অবস্থার অবনতি ঘটলে তাকে মুমূর্ষু অবস্থায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

ঈশ্বরদী জেলার পার্বতীপুর প্রতিনিধি জানান, ব্যাপক ভাঙচুর ও সংঘর্ষের মধ্য দিয়ে পার্বতীপুরে এইচএসসি বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ভেন্যু কেন্দ্র বালিকা বিদ্যালয়ে গত ৩টি পরীক্ষায় গোলযোগের কারণে গতকাল অতিরিক্ত দাঙ্গা পুলিশ মোতায়েন করে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে নকল প্রতিরোধ শুরু থেকেই কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়।

পরীক্ষার্থীরা নকল করতে না পেরে পরীক্ষা শেষ রুমের চেয়ার, টেবিল, বেঞ্চ, দরজা-জানালা ব্যাপক ভাঙচুর ও বহিরাগতরা পুলিশের ওপর ইটপাটিকেল নিক্ষেপ শুরু করলে পুলিশ লাঠিচার্জ করে এবং সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়। পুলিশ ১ জন বহিরাগতকে খেঁজার করে। এই ভেন্যুতে নকলের দায়ে ২৬ জনকে বহিষ্কার করা হয়।

সিলেট অফিস জানায়, সিলেট শিক্ষা বোর্ডে গতকাল বাংলা ২য় পত্র পরীক্ষায় নকলের দায়ে মোট ২৮ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে সিলেট জেলায় ৪ জন, হবিগঞ্জ জেলায় ১২ জন, মৌলভীবাজার জেলায় ৮ জন, সুনামগঞ্জ জেলায় ৪ জন। এছাড়া গতকাল হবিগঞ্জ জেলার নবীগঞ্জ পরীক্ষা কেন্দ্রে নিয়মবহির্ভূতভাবে পরীক্ষা পরিচালনার দায়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ গোলাম হোসেন আজাদকে তার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।